



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ৩, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(শুল্ক)  
প্রজ্ঞাপন

ঢাকা, ২১শে ডিসেম্বর, ২০০০/৭ই পৌষ, ১৪০৭

এস, আর, ও, নং ৩৬৬-আইন/২০০০/১৮৭৮/শুল্ক—Customs Act, 1969 (IV of 1969) এর section-219. উক্ত Act এর THIRD SCHEDULE এর Item 17 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০০০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ৯—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) তফসিল-১ এর—

(অ) ব্যাগেজ ঘোষণা পত্রের ফরম এর “১০ (দশ) কেজি” এবং “১০ (দশ) কেজির” সংখ্যাগুলি, বন্ধনীগুলি ও শব্দগুলির পরিবর্তে যথাক্রমে, “৫(পাঁচ) কেজি” এবং “৫(পাঁচ) কেজির” সংখ্যাগুলি, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) শুল্ক কর আরোপযোগ্য পণ্যের সংক্ষিপ্ত তালিকার অনুচ্ছেদ (ঘ) এর ক্রমিক নং (১৩) এবং তৎসংশ্লিষ্ট এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা ৯—

“(১৩) স্বর্ণবার বা স্বর্ণপিণ্ড (সর্বোচ্চ ৫ কেজি) ৩০০/-টাকা (প্রতি ১১.৬৬৪ গ্রাম)।”

(খ) তফসিল-৩ এর ক্রমিক নং ১৩ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা ৯—

“(১৩) স্বর্ণবার বা স্বর্ণপিণ্ড (সর্বোচ্চ ৫ কেজি) ৩০০/-টাকা (প্রতি ১১.৬৬৪ গ্রাম)।”

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোহাম্মদ আলম  
প্রথম সচিব (শুল্ক)।

মোঃ আবদুল করিম সরকার, (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৩)

মূল্য : টাকা ১.০০